গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

http://rangpur.judiciary.org.bd/

**অফিস আদেশ ঃ**

নং ঃ ৯০৭/২০২১, তারিখ ঃ ২৩/০৬/২০২১ খ্রিঃ।

আপনি জনাব মোঃ শাকিল হোসেন, অফিস সহকারী (পিয়ন), জেলা ও দায়রা জজ আদালত, রংপুরকে সরকারী জরুরী কার্য সম্পাদনের জন্য গত ০৪/০৬/২০২১ খ্রিঃ তারিখ জেলা ও দায়রা জজ, রংপুর এর বাসভবস্থ অফিসে আসিবার জন্য নিম্নস্বাক্ষরকারী মৌখিকভাবে নির্দেশ প্রদান করেন। কিন্তু আপনি নিম্নস্বাক্ষরকারীর আইনসঙ্গত নির্দেশ অমান্য করিয়া গত ০৪/০৬/২০২১ খ্রিঃ তারিখ হইতে ১১/০৬/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৮(আট) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্তব্য কর্মে অনুপস্থিত ছিলেন। আপনার অবস্থা ও অবস্থান সম্পর্কে অবহিত হইবার জন্য বারবার মোবাইল ফোনের মাধ্যমে আপনার সাথে যোগাযোগের চেষ্টা করিলে আপনি সুকৌশলে তথ্য প্রদান না করিবার উদ্দেশ্যে মোবাইল ফোন রিসিভ করেন নাই। আপনার উক্তরূপ কার্যকলাপ নিম্নস্বাক্ষরকারীর নিকট ইহাই প্রতীয়মান হইতেছে যে, আপনি সুকৌশলে সরকারী দায়িত্ব পালন হইতে বিরত রহিয়াছেন। সরকারী দায়িত্বে থাকিয়া আপনার উক্তরূপ কার্যকলাপে সরকারী কাজে দারুন বিঘ্নের সৃষ্টি হইয়াছে, যাহা একজন সরকারী কর্মচারীর নিকট হইতে আদৌ কাম্য নহে।

আপনার উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারী চাকরি আইন, ২০১৮ এর ২৯ ধারার ১ উপ-ধারার বিধান মোতাবেক কেন আপনার উক্ত অনুপস্থিতকালীন সময়ের বেতন কর্তন করা হইবে না এবং কর্তৃপক্ষের যুক্তি সঙ্গত নির্দেশ অমান্য করায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে না তাহার কারণ নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর দর্শানোর নির্দেশ প্রদান করা হইলে আপনি যে জবাব দাখিল করিয়াছেন তাহা আদৌ সন্তোষজনক নহে।

এমতাবস্থায়, সরকারী চাকরি আইন, ২০১৮ এর ২৯ ধারার ১ উপ-ধারার বিধান মোতাবেক আপনার গত ০৪/০৬/২০২১ খ্রিঃ তারিখ হইতে ১১/০৬/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৮(আট) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্তব্য কর্মে অনুপস্থিতকালীন সময়ের বেতন কর্তন করা হইল। আপনার ভবিষ্যত গতিবিধি পর্যবেক্ষণে রাখা হইল। পরবর্তী সময়ে আপনি উক্তরুপ আচরণের পুনরাবৃত্তি করিলে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। তাহার সার্ভিস বহিতে নোট দেওয়া হউক।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং২২৮ (০৬)/২০২১, তারিখ ঃ ২৩/০৬/২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
২। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ এবং বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর), জেলা জজ আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৪। জনাব মোঃ শাকিল হোসেন, অফিস সহকারী (পিয়ন), জেলা ও দায়রা জজ আদালত, রংপুর।
৫। আদেশ কপি/অফিস ফাইল।

(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।
২৩/০৬/২০২১